

## উড়োজাহাজে বোমার ভুয়া আতঙ্ক ছড়িয়ে গ্রেপ্তার আর্জেন্টাইন ডিফেন্ডার

- A Monitor Desk Report

Date: 13 April, 2026



**ঢাকা:** একটা প্র্যাঙ্ক বা মজার ছলে করা কর্মকাণ্ডের মূল্য কতটা হতে পারে, সেটা হাঁড়ে হাঁড়েই টের পাচ্ছেন আর্জেন্টাইন ডিফেন্ডার এমিলিয়ানো ইনদ্রেজ্জি। পুলিশের হাতে তো গ্রেপ্তার হয়েছেনই, এমনকি ক্যারিয়ারও শেষের পথে ৩২ বছর বয়সী এ ডিফেন্ডারের।

তা ইনদ্রেজ্জি কী করেছেন? আর্জেন্টাইন ক্লাব জিমনাসিয়ায় খেলা এ ডিফেন্ডার প্র্যাঙ্ক করে উড়োজাহাজে বোমার আতঙ্ক ছড়িয়েছিলেন বলে অভিযোগ উঠেছে। আর সে অভিযোগে তাকে গ্রেপ্তার করেছে পুলিশ।

দেশটির সংবাদমাধ্যমের তথ্যানুসারে, হুসুই বিমানবন্দরে এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে। বুয়েনস আইরেস গামী একটি ফ্লাইটে মজা করে ‘বোমা’ বলে চিৎকার করেছিলেন ইনদ্রেজ্জি। উড়োজাহাজটি উড্ডয়নের ঠিক আগ মুহূর্তে তাঁর এমন চিৎকারে উড়োজাহাজে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পাশাপাশি সন্ত্রাসবিরোধী প্রটোকলও চালু হয়ে যায়।

উড়োজাহাজটি দ্রুত খালি করে বোমা নিষ্ক্রিয়করণ দল ডেকে পুরো তল্লাশি করা হয়। পরে নিশ্চিত হওয়া যায়, এটি বোমার আতঙ্কটি ছিল সম্পূর্ণ ভুয়া। উড়োজাহাজে কোনো সন্দেহজনক বস্তুর অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি। এরপরই রানওয়েতে থাকা ইনদ্রেজ্জিকে গ্রেপ্তার করে পুলিশ। হাতকড়া পরিয়ে ৩২ বছর বয়সী ডিফেন্ডারকে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়। তাঁর বিরুদ্ধে ভুয়া আতঙ্ক সৃষ্টি ও উড়োজাহাজ চলাচলে বিঘ্ন ঘটনোর অভিযোগ আনা হয়েছে। দুটোই গুরুতর শাস্তিযোগ্য অপরাধ।

ইনদ্রেজ্জির এমন ‘প্রাঙ্কের’ ঘটনাকে অগ্রহণযোগ্য উল্লেখ করে এক বিবৃতিতে তাঁর ক্লাব জিমনাসিয়া লিখেছে, ‘এটি ক্লাবের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে এবং ক্লাব এ ঘটনায় নিন্দা জানাচ্ছে।’

অন্যদিকে ক্লাব সভাপতি এটিকে গুরুতর অসদাচরণ হিসেবে উল্লেখ করে ইনদ্রেজ্জির সঙ্গে চুক্তি বাতিলের প্রক্রিয়ার ইঙ্গিত দিয়েছেন। তিনি বলেছেন, ‘ক্লাবের সুনাম নষ্ট করে বা ক্রীড়া মূল্যবোধের পরিপন্থী কোনো আচরণ আমরা সহ্য করব না।’

এদিকে আর্জেন্টাইন সংবাদমাধ্যমগুলো এরইমধ্যে ইনদ্রেজির এমন কর্মকাণ্ডকে ফুটবল ইতিহাসে সবচেয়ে বোকামিপূর্ণ প্রযাঙ্ক বলে আখ্যা দিয়েছে।

**-B**